

WSIS (World Summit on the Information Society) Project Prize-2015 পুরস্কারে
বাংলাদেশ বিজয়ী হওয়ার নিমিত্তে এটুআই প্রোগ্রামের মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক
জনাব কবির বিন আনোয়ার মহোদয়-এর সাথে ভিডিও কনফারেন্সিং সভার কার্যবিবরণী

সভাপতি	ঃ মোঃ শাখাওয়াত হোসেন জেলা প্রশাসক, ঝালকাঠি
তারিখ	ঃ ১৫.০৪.২০১৫ খ্রি:
সময়	ঃ বেলা ১০:০০ ঘটিকা
স্থান	ঃ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, ঝালকাঠি

সভায় উপস্থিত সদস্যদের তালিকা : পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। WSIS (World Summit on the Information Society) Project Prize-2015 এ মোট ১৮টি ক্যাটাগরির মধ্যে ৩নং ক্যাটাগরিতে National Portal (Reaching the information-have-nots through national portal) এবং ৪নং ক্যাটাগরিতে Teachers portal for Empowerment শীর্ষক প্রজেক্টকে ভোট প্রদানের বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই প্রোগ্রাম) এর মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক জনাব কবির বিন আনোয়ার মহোদয় সকাল ১০.০০ ঘটিকায় ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে ঝালকাঠি জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে সভায় উপস্থিত কর্মকর্তাগণকে দিক নির্দেশনা প্রদান করেন। এছাড়াও এটুআই প্রোগ্রামের ০১.০৪.২০১৫ খ্রি: তারিখের ০৩.৮০৫.০০৬.০০.০০.০২৪.২০১৫-৪৭০নং স্মারকের পত্রখানা সভায় উপস্থিত সকলকে পাঠ করে শুনানো হয়। তৎপরিপ্রেক্ষিতে জেলা ও উপজেলা পর্যায়ে সকল সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত অফিসসমূহের কর্মকর্তা-কর্মচারী, সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র-ছাত্রী, ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাসহ সাইবার ক্যাফের মাধ্যমে আগামী ১ মে, ২০১৫ খ্রি: তারিখ পর্যন্ত ৩নং ক্যাটাগরিতে National Portal এবং ৪নং ক্যাটাগরিতে Teachers portal for Empowerment শীর্ষক প্রজেক্টকে ভোট প্রদানের নির্দেশনা রয়েছে। ভোট প্রদানের পদ্ধতি / নির্দেশনা নিম্নোক্ত লিংকসমূহ রয়েছে;

<http://groups.itu/stocktaking/WSISProjectPrizes.aspx#nominated-project>:

Facebook: <https://www.facebook.com/a2iBangladesh?fref=nf&pnref=story>;

Youtube: <https://www.youtube.com/watch?v=m4E5jsamKP0&feature=youtu.be>

উল্লিখিত লিংকের নির্দেশনা / পদ্ধতি অনুসরণপূর্বক ভোট প্রদানের জন্য সভায় বিস্তারিত আলোচনান্তে

সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

সিদ্ধান্ত-১ : ৩নং ক্যাটাগরিতে National Portal (Reaching the information-have-nots through national portal) এবং ৪নং ক্যাটাগরিতে Teachers portal for Empowerment শীর্ষক প্রজেক্টকে অধিকতর ভোট প্রদানের জন্য জেলা ও উপজেলা পর্যায়ে সকল সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত অফিসসমূহের সকল কর্মকর্তা-কর্মচারীদের ভোট প্রদানে উদ্বুদ্ধকরণের জন্য সকল প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-২ : National Portal ও Teachers portal for Empowerment দুইটি ক্যাটাগরিতে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের মাধ্যমে ভোট প্রদানের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণসহ জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-৩ : উপজেলা পর্যায়ের সকল অফিসসমূহের কর্মকর্তা-কর্মচারী, সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র-ছাত্রী, ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও পৌরসভা ডিজিটাল সেন্টার এর উদ্যোক্তাসহ সাধারণ জনগণকে National Portal ও Teachers portal for Empowerment শীর্ষক প্রজেক্টকে ভোট প্রদানে উদ্বুদ্ধকরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল)কে নির্দেশ প্রদান করা হলো।

সিদ্ধান্ত-৪ : National Portal এবং Teachers portal for Empowerment শীর্ষক প্রজেক্টকে প্রদত্ত ভোটের সংখ্যা / তথ্যাদির (সফট কপি dcjhalokati@mopa.gov.bd ই-মেইলে এবং হার্ডকপি সরাসরি আগামী ২৩.০৪.২০১৫খ্রি: তারিখের মধ্যে) এ কার্যালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
মোঃ শাখাওয়াত হোসেন
জেলা প্রশাসক
ও

সভাপতি
WSIS (World Summit on the Information
Society) Project Prize-2015
ঝালকাঠি

স্মারক নং-০৫.১০.৪২০০.০০৮.০১.০২৬.১৫-৭৯(৮০)

তারিখ: ২ বৈশাখ, ১৪২২ বঙ্গাব্দ
১৫ এপ্রিল, ২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
- ২। জনাব কবির বিন আনোয়ার, মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ৩। পুলিশ সুপার, ঝালকাঠি
- ৪। অধ্যক্ষ, ঝালকাঠি সরকারি কলেজ / সরকারি মহিলা কলেজ
- ৫। সিভিল সার্জন, ঝালকাঠি
- ৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঝালকাঠি
- ৭-১১। নির্বাহী প্রকৌশলী,----- ঝালকাঠি
- ১২-১৫। উপজেলা নির্বাহী অফিসার, ঝালকাঠি সদর /নলছিটি / রাজাপুর / কাঠালিয়া
- ১৬-২৩। উপ-পরিচালক,-----ঝালকাঠি
- ২৪-২৫। জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঝালকাঠি
- ২৬-৫৬।-----কর্মকর্তা, ঝালকাঠি
- ৫৭-৮০। জনাব/বেগম-----

মোঃ জাফর আলম

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ও আইসিটি)

ঝালকাঠি
স্বাক্ষর